

# ডিজিটাল শিক্ষা উপকরণ (e-Learning)

এই পাতায় বিদেশে যাওয়ার ক্ষেত্রে কী কী বিষয় বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হবে, আর্থিক ও মনো-সামাজিক লাভ-ক্ষতি হিসাব কীভাবে করবে, নিয়ম মেনে বিদেশে যেতে কী কী প্রস্তুতি নিতে হবে, বিদেশে নারী ও পুরুষ কর্মীর কী কী ঝুঁকি আছে, তারা প্রতারিত হলে বা বিপদগ্রস্ত হলে কোথায় সহায়তা চাইবে - ইত্যাদি বিষয়ে ভিডিও ক্লিপ দেয়া আছে।

## সহায়তা কেন্দ্র (Help Center)

সেইফস্টেপ অ্যাপ্লিকেশনে ‘সহায়তা কেন্দ্র’-নামে একটি চ্যাট বক্স সংযোজন করা হয়েছে। একজন কর্মী অভিবাসনের বিভিন্ন ধাপে প্রয়োজনীয় যেকোন প্রশ্ন জিজ্ঞাসা করতে এবং প্রতারিত বা বিপদগ্রস্ত হলে জরুরি সহায়তা



চাইতে ‘সহায়তা কেন্দ্র’ (Help Centre) অপশনটি ব্যবহার করবেন।

জরুরি সহায়তার ক্ষেত্রে চ্যাট বক্সটি অভিবাসী কর্মীকে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত করবে।

## সেটিংস (Settings) পাতা ও ডাউনলোড বিষয়ক তথ্য

সেইফস্টেপ অ্যাপে বাংলা, ইংরেজি ও আরবি-তিনটি ভাষা ব্যবহার করা হয়েছে।

ব্যবহারকারীগণ অ্যাপটির ‘সেটিংস’ (Settings) পাতায় গিয়ে সুবিধামত ভাষা নির্বাচন করা, ‘নাইট মোড’ (Night Mode) ব্যবহার করা, গোপনীয়তা নীতি পরিবর্তন, অ্যাপটিকে শেয়ার করা, রেটিং দেয়া- ইত্যাদি করতে পারবেন।

অ্যাপটি ডাউনলোড করতে গুগল প্লেস্টোরে গিয়ে SAFESTEP লিখে সার্চ করুন অথবা নিচের বারকোডটি স্ক্যান করুন।



সেইফস্টেপ অ্যাপ্লিকেশনটি অভিবাসী কর্মীদের বিদেশে যাওয়ার প্রক্রিয়াকে নিয়মতাত্ত্বিক, সহজ, ও নিরাপদ করতে গুরুত্বপূর্ণ সহায়ক হয়ে থাকবে। তাই অভিবাসনের ক্ষেত্রে সেইফস্টেপ অ্যাপ ব্যবহার করুন। নিরাপদে থাকুন।



ELEVATE  
from the British people



DIGINEX

W WINROCK  
INTERNATIONAL

SafeStep

# আমগুলি কি উপার্জনের উদ্দেশ্যে বিদেশে যাওয়ার কথা জানাচ্ছে?

বিদেশে যাওয়ার ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়ায় যেকোন প্রতারণা, বিদেশে চাকুরীরত অবস্থায় শ্রম-শোষণ, নিপীড়ন বা আধুনিক দাসত্বের ঝুঁকি থেকে আপনাকে নিরাপদে রাখতে আমরা নিয়ে এসেছি মোবাইল অ্যাপ্লিকেশন- ‘সেইফস্টেপ’।

আপনার শ্রম অভিবাসন নিরাপদ করতে সেইফস্টেপ মোবাইল অ্যাপ্লিকেশনটিকে পাঁচটি গুরুত্বপূর্ণ উপাদান দিয়ে সাজানো হয়েছে।

## প্রোফাইল (Profile)

### অভিবাসন সম্পর্কিত প্রস্তুতি তালিকা (Migration Checklist)


## ক্যালকুলেটর (Calculator)

## ডিজিটাল শিক্ষা উপকরণ (e-Learning)

## সহায়তা কেন্দ্র (Help Center)

## প্রোফাইল (Profile)


এই অপশনে আপনি আপনার ব্যক্তিগত তথ্য, শিক্ষাগত যোগ্যতা, চাকুরীর অভিজ্ঞতা, কাজের দক্ষতা- ইত্যাদি যোগ করে একটি সম্পূর্ণ জীবন বৃত্তান্ত (সিভি) তৈরি করতে পারবেন। যা আপনাকে আপনার অভিজ্ঞতা ও দক্ষতা অনুযায়ী বিদেশে চাকুরী পেতে সহায়তা করবে।



## অভিবাসন সম্পর্কিত প্রস্তুতি তালিকা (Migration Checklist)

আপনি বিদেশে যাওয়ার প্রস্তুতি বিষয়ক আপনার সকল কাগজপত্র এবং প্রমাণাদি, যেমন- চাকুরী, খরচ ও বেতন সম্পর্কিত মৌখিক চুক্তির রেকর্ড, পাসপোর্ট, প্রশিক্ষণের সনদ, আর্থিক লেন-দেনের রেকর্ড, ভিসা, স্মার্ট কার্ড, বিদেশে কাজ ও বসবাসের অনুমতিপত্র- ইত্যাদিসহ মোট ১৫ ধরণের ডকুমেন্টের ডিজিটাল কপি সংরক্ষণ করতে পারবেন এই পাতায়।

বিদেশে অনিয়মিত হয়ে গেলে এখানে সংরক্ষিত ডকুমেন্ট ব্যবহার করে আপনি আপনার পরিচয় নিশ্চিত করা বা এসব ডকুমেন্টের মূল কপি উদ্বারে আবেদন করতে পারবেন।



## ক্যালকুলেটর (Calculator)

অপশনটি আপনাকে হাতে কলমে অভিবাসনের আর্থিক লাভ-ক্ষতি হিসাব করে সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই ‘ক্যালকুলেটর’ ব্যবহার করে আপনি কত টাকা খরচ করে বিদেশে যাবেন, কত টাকা বেতন পাবেন, ঝর্ণ করলে সুদসহ তা পরিশোধ করতে কত টাকা লাগবে, এবং সব খরচ বাদ দিয়ে কত টাকা দেশে পাঠাতে পারবেন- ইত্যাদি হিসাব করে বিদেশে যাওয়ার সিদ্ধান্ত নেয়ার নির্দেশনা পাবেন।

